

ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
মডস জোন-৮

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪১৩.৯৯.০৮১.২৩ নথির বিষয়: মডস জোন-৮ এর আওতাধীন ডিএমএ-৮০৫ এর মধ্যবাড্ডা বাজার রোডের পশ্চিম পাশের এলাকায় পানির লাইন লিকেজ ও ময়লা পানি নিরসণ করার জন্য পানির লাইন মেরামত করন কাজের প্রাক্কলন।

নোট: ১ নোটের বিষয়: মডস জোন-৮ এর আওতাধীন ডিএমএ-৮০৫ এর মধ্যবাড্ডা বাজার রোডের পশ্চিম পাশের এলাকায় পানির লাইন লিকেজ ও ময়লা পানি নিরসণ করার জন্য পানির লাইন মেরামত করন কাজের প্রাক্কলন।

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ২১/৬/২৩ ১:১৪ অপরাহ্ন


উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মডস জোন-৮ এর আওতাধীন ডিএমএ-৮০৫ এর মধ্য বাড্ডা বাজার রোডের পশ্চিম পাশের এলাকায় ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক রাস্তা ও সারফেস ড্রেনের উন্নয়ন কাজ চলছে। রাস্তা ও সারফেস ড্রেনের উন্নয়ন কাজ করতে গিয়ে কিছু কিছু জায়গায় পানির মেইন লাইন ও সার্ভিস সংযোগ ক্ষতি গ্রস্ত হয়ে পানির লাইন লিকেজ হচ্ছে। পানির লাইন লিকেজ হওয়ার কারণে পানির মেইন লাইনে ময়লা পানি প্রবেশ করছে। পানির লাইন লিকেজ ও ময়লা পানি নিরসণ কাজ করার জন্য এলাকা বাসি হতে অভিযোগ পাওয়া গিয়েছে। অভিযোগের প্রেক্ষিতে অত্র বিভাগের পিএলআই/পিএলএমসহ সরেজমিনে সাইট পরিদর্শন করা হয়। পরিদর্শন কালে দেখা যায় যে, ডিএমএ-৮০৫ এর মধ্য বাড্ডা বাজার রোডের পশ্চিম পাশের এলাকায় পানির লাইন লিকেজ হয়ে রাস্তা ও সারফেস ড্রেনের পানি, পানির মেইন লাইনে প্রবেশ করছে, ফলে প্রচুর পানি অপচয় হচ্ছে। পানির মেইন লাইনে প্রেসার যখন কম থাকে তখন ময়লা পানি লাইনে প্রবেশ করে। পানির অপচয় রোধ এবং ময়লা পানি দূরীকরণের জন্য জরুরী ভিত্তিতে লিকেজ মেরামত করণের লক্ষ্যে একটি প্রাক্কলন তৈরী করা হলো। যার টাকার পরিমাণ দাঁড়িয়েছে মোট = ৪৯,৮৩৭/- (উনপঞ্চাশ হাজার আটশত সাইত্রিশ) টাকা মাত্র। উক্ত কাজের ব্যয়ভার অত্র বিভাগের ২০২২-২০২৩ইং অর্থ বছরের সংশোধিত এবং ২০২৩-২০২৪ অর্থ বছরের প্রাক্কলিত রাজস্ব বাজেট বরাদ্দের ক্রমিক নং-০৭ এর পানির লাইন রক্ষণাবেক্ষন খাতের কোড নং-(০১-০৪-০০১) হতে ব্যয় নির্বাহ করা হবে।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ২১/৬/২৩ ১:১৫ অপরাহ্ন

এমতাবস্থায়, মডস জোন-৮ এর আওতাধীন ডিএমএ-৮০৫ এর মধ্য বাড্ডা বাজার রোডের পশ্চিম পাশের এলাকায় পানির লাইন লিকেজ ও ময়লা পানি নিরসণ করার জন্য পানির লাইন মেরামত করন কাজের জন্য সর্বমোট = ৪৯,৮৩৭/- (উনপঞ্চাশ হাজার আটশত সাইত্রিশ) টাকা মাত্র এর প্রাক্কলনটি পিপিআর-২০০৮ এর ৭৬(১)ট বিধি অনুযায়ী মেসার্স রাফিউ এন্টারপ্রাইজ এর মাধ্যমে ডিপিএম পদ্ধতিতে সম্পন্ন করার লক্ষ্যে নথিখানা অনুমোদনের জন্য প্রধান প্রকৌশলী মহোদয় বরাবর প্রেরণ করা যেতে পারে।



২১/৬/২৩ ১:১৫ অপরাহ্ন
আব্দুল হেলিম
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৮



২১/৬/২৩ ১:৪০ অপরাহ্ন
খন্দকার মোহাম্মদ আলতাফুর রহমান
সহকারী প্রকৌশলী
মডস জোন-৮



২১/৬/২৩ ২:৫২ অপরাহ্ন
মোঃ আব্দুল মজিদ
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-৮



২১/৬/২৩ ৬:৪৫ অপরাহ্ন
মোঃ মিজানুর রহমান
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-২

২১/৬/২৩ ৬:৪৫ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ২২/৬/২৩ ৩:১০ অপরাহ্ন

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা